গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
গোপালগঞ্জ।

নং-১৭.১১.৩৫০০.০০০.৩৬.০০১.১৮-২৭৩

তারিখ ঃ ১২ নভেম্বর ২০১৮

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২- এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার, জেলা প্রশাসক, গোপালগঞ্জ ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ০৮ নভেম্বর ২০১৮/২৪ কার্তিক ১৪২৫ তারিখে আংশিকভাবে প্রজ্ঞাপন নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৩৬ মূলে ঘোষিত সময়সূচি গণপ্রতিনিধিত্ব আদেশ,১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে নিম্নরূপভাবে পুনঃনির্ধারন করিয়াছেন:

(ক)	রিটার্নিং অফিসার / সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	ঃ	১৪ অগ্রহায়ণ ১৪২৫ ..... (বুধবার) ২৮ নভেম্বর ২০১৮
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ	১৮ অগ্রহায়ণ ১৪২৫ ..... (রবিবার) ০২ ডিসেম্বর ২০১৮
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	২৫ অগ্রহায়ণ ১৪২৫ ..... (রবিবার) ০৯ ডিসেম্বর ২০১৮
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	ঃ	১৬ পৌষ ১৪২৫ .....(রবিবার) ৩০ ডিসেম্বর ২০১৮

জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখঃ ১৪/১১/২০১৮

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২১৫ গোপালগঞ্জ-১ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৮ নভেম্বর ২০১৮/১৪ অগ্রহায়ণ ১৪২৫ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর কায়ালয়)এবং আমার সহকারী রিটার্নিং অফিসারগণের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর ও উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী এর কার্যালয়) মনোনয়নপত্র গৃহীত হবে।

উল্লেখ্য যে, সরাসরি মনোনয়নপত্র দাখিলের পাশাপাশি অনলাইনে মনোনয়নপত্র দেয়ারও সুযোগ রয়েছে।

১২/১১/১৮

(মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার)
জেলা প্রশাসক, গোপালগঞ্জ
ও
রিটার্নিং অফিসার
নির্বাচনী এলাকা নং ঃ ২১৫ গোপালগঞ্জ-১

স্থান ঃ গোপালগঞ্জ
তারিখ ঃ ১২/১১/২০১৮ খ্রিঃ

নং-১৭.১১.৩৫০০.০০০.৩৬.০০১.১৮-২৭৩

তারিখ ঃ ১২ নভেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। কমিশনার ,ঢাকা বিভাগ, ঢাকা ।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,ফরিদপুর অঞ্চল,ফরিদপুর ।
৪। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
৫। ..... গোপালগঞ্জ। তাকে গণ-বিজ্ঞপ্তিটি তার অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচার করার জন্য অনুরোধ করা হল।
৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, মুকসুদপুর/কাশিয়ানী, গোপালগঞ্জ। এতদসাথে ২৫(পঁচিশ)কপি গণ-বিজ্ঞপ্তি প্রেরণ করা হল। বিজ্ঞপ্তিটি তার অফিসের নোটিশ বোর্ডের এবং ইউনিয়ন পরিষদের মাধ্যমে জারি করার জন্য এবং নির্বাচনি এলাকার দ্রষ্টব্য স্থানসমূহে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৭। উপজেলা নির্বাচন অফিসার, মুকসুদপুর/কাশিয়ানী, গোপালগঞ্জ।

১২/১১/১৮

জেলা প্রশাসক, গোপালগঞ্জ
ও
রিটার্নিং অফিসার
নির্বাচনী এলাকা নং ঃ ২১৫ গোপালগঞ্জ-১